Lens Asia

৮ জুলাই, ২০২৬

# ইরানের পারমাণবিক কেন্দ্রে আবারও কর্মী পাঠাবে রোসাটম



ছবি: আল জাজিরা

রাশিয়ার রাষ্ট্রায়ত্ত পারমাণবিক জ্বালানি প্রতিষ্ঠান রোসাটম চলতি জুলাইয়ের মাঝামাঝি থেকে ইরানের বুশেহর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে নিজেদের কর্মীদের ধাপে ধাপে ফিরিয়ে নেওয়ার পরিকল্পনা করেছে। নিরাপত্তা পরিস্থিতির উন্নতি হওয়ায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার তথ্যের বরাত দিয়ে পাকিস্তানের ডন নিউজ জানায়, জুলাইয়ের মধ্যভাগ থেকেই রোসাটমের কর্মীরা বুশেহর কেন্দ্রে পুনরায় দায়িত্ব পালন শুরু করবেন।

রোসাটম বর্তমানে বুশেহর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের নতুন দুটি ইউনিট নির্মাণের কাজ করছে। তবে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সাম্প্রতিক হামলার পর নিরাপত্তা ঝুঁকি বেড়ে যাওয়ায় গত এপ্রিলে প্রতিষ্ঠানটির প্রায় ২০০ কর্মীকে সেখান থেকে সরিয়ে নেওয়া হয়েছিল।

বিশ্লেষকদের মতে, কর্মীদের ফিরিয়ে আনার সিদ্ধান্ত বুশেহর প্রকল্পের নির্মাণকাজ আবারও স্বাভাবিক গতিতে এগিয়ে নেওয়ার ইঙ্গিত দিচ্ছে। তবে আঞ্চলিক উত্তেজনার কারণে পারমাণবিক স্থাপনাগুলোর নিরাপত্তা নিয়ে উদ্বেগ এখনো পুরোপুরি কাটেনি।

রাশিয়া ও ইরানের দীর্ঘদিনের পারমাণবিক সহযোগিতার অংশ হিসেবে বুশেহর প্রকল্পে কাজ করছে রোসাটম। নতুন দুটি ইউনিট চালু হলে ইরানের বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা আরও বাড়বে বলে ধারণা করা হচ্ছে।

LENS ASIA